

# এসএসসির প্রশ্ন ফাঁসের গুজব ছড়ানোর অভিযোগে আটক ১

ইত্তেফাক অনলাইন ডেস্ক

প্রকাশ : ০২ মে ২০২৩, ০২:১৮



এসএসসি ও সমমান পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের গুজব ছড়ানোর অভিযোগে হিমেল মুস্তাকিম নামে এক যুবককে আটক করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) সাইবার পুলিশ সেন্টারের একটি টিম। সোমবার (০১ মে) বিকেলে রাজধানীর গুলশান এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। এ সময় তার কাছে থেকে একটি মোবাইলফোন জব্দ করা হয়।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

আটক হিমেলের বাড়ি নোয়াখালী জেলায়। সে উচ্চ মাধ্যমিকের শিক্ষার্থী। তবে সে অনলাইন প্রত্যারণায় খুবই দক্ষ।

সোমবার রাতে সিআইডিৰ সাইবার ইন্টেলিজেন্স অ্যান্ড রিস্ক ম্যানেজমেন্ট ইউনিটের বিশেষ পুলিশ সুপার (এসএসপি) মো. রেজাউল মাসুদ গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেন।

তিনি বলেন, এরই মধ্যে আমরা ফেসবুকে ৪-৫টি গ্রুপ পেয়েছি, যেখানে প্রশ্ন ফাঁসের বিষয়ে গুজব ছড়িয়ে বিভিন্ন পোস্ট করা হচ্ছে। পরে আমাদের টিমের সদস্যরা পরীক্ষার্থী ও অভিভাবক সেজে তার সঙ্গে যোগাযোগ করে। এভাবে তার অবস্থান ও পরিচয় শনাক্ত হওয়ার পর তাকে সোমবার বিকেলে গুলশান থেকে গ্রেপ্তার করা হয়। তার বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দায়ের প্রক্রিয়া চলমান বলেও জানান তিনি।

তিনি জানান, সম্প্রতি হিমেল মুস্তাকিম নামের এই প্রত্যারক ফেসবুকে 'এসএসসি ব্যাচ ২০২৩' নামে একটি গ্রুপে পোস্ট দেয় যে, তার কাছে এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র রয়েছে। পোস্টে সে আরও বলে, এসএসসি ২০২৩ এর বাংলা প্রথম পত্রের শতভাগ কমন প্রশ্ন লাগলে দ্রুত যোগাযোগ করুন। প্রশ্ন পাওয়ার সময়কাল পরীক্ষার দিন ভোর চারটা থেকে ছয়টার মধ্যে। পরে হিমেল তার 'প্রশ্ন/Question All board' নামের ফেসবুক পেইজ বেশ কিছু এসএসসি পরীক্ষার্থীকে অ্যাড করে। এরপর হোয়াটসঅ্যাপের মাধ্যমে প্রশ্ন দেওয়ার জন্য গ্রুপে অ্যাড হতে প্রতিজনের কাছ থেকে এক হাজার ৫৫০ টাকা করে নেয়।

মো. রেজাউল মাসুদ বলেন, বর্তমানে পরীক্ষা পদ্ধতি ও প্রশ্ন বণ্টনের যে প্রক্রিয়া সেই অনুযায়ী এখন আর কোনোভাবেই প্রশ্ন ফাঁস করা সম্ভব না। বিসিএসসহ যেকোনো পাবলিক পরীক্ষায় অনলাইনে বিশেষ করে ফেসবুকে প্রশ্ন ফাঁসের কথা বলে মানুষকে বিভ্রান্ত ও বিভ্রত করা হয়। এই জন্য আমরা খুব সতর্ক ছিলাম। এ ধরনের গুজব আসলে যেন ব্যবস্থা নিতে পারি।